08.12.2021

# সব্যভিচার হেত্বাভাস

Course : CC-1

1st Semester

Pranab Kirtunia

Assistant Professor

Department of Philosophy

Bejoy Narayan Mahavidyalaya

West Bengal

# সব্যভিচার হেত্বাভাস তিন প্রকার

সাধারণ সব্যভিচার হেত্বাভাস,
অসাধারণ সব্যভিচার হেত্বাভাস ও
অনুপসংহারী সব্যভিচার হেত্বাভাস ।

# সব্যভিচার হেত্বাভাস তিন প্রকার

**সাধারণ সব্যভিচার হেত্বাভাস:** যে অনুমানে হেতু অপেক্ষা সাধ্য ব্যাপক সেখানে হেতুর দোষ হয় এবং তাকেই সাধারণ সব্যভিচার হেত্বাভাস বলে। হেতু ( আগুন) সাধ্যের অধিকরণে যেমন থাকে তেমনই সাধ্যের অভাবের অধিকরণেও উপস্থিত থাকে। একেই সাধারণ সাধারণ সব্যভিচার হেত্বাভাস বলে। যেমন- যা অগ্নিযুক্ত তাই ধুমযুক্ত -যেমন পাকশালা

পর্বত অগ্নিযুক্ত

অতএব পর্বত ধুমযুক্ত।

# সব্যভিচার হেত্বাভাস তিন প্রকার

এই অনুমানটিতে হেতু 'আগুন' যেমন  সাধ্যের উপস্থিতি আছে এমন স্থানে থাকে তেমনি ধুমের  উপস্থিতি নেই এমন অধিকরণেও  থাকে অর্থাৎ হেতু 'আগুন' সাধ্যের অধিকরণেও    উপস্থিত থাকে  আবার সাধের অভাবের অধিকরণেও উপস্থিত থাকে।  তাই একে সাধারণ সব্যভিচার হেত্বাভাস বলে।

# সব্যভিচার হেত্বাভাস

## অসাধারণ সব্যভিচার হেত্বাভাস:

এই অনুমানে হেতু খুবই কম ব্যাপক হয়. হে তু সপক্ষে অর্থাৎ সাধের নিশ্চিত অবস্থান যেখানে সেখানে থাকে না আবার বিপক্ষেও থাকেনা অর্থাৎ সাধ্যের নিশ্চিত অভাব যেখানে সেখানেও থাকে না, শুধুমাত্র পক্ষে থাকে। এক্ষেত্রে হেতু দোষযুক্ত হয়। আর এই দোষযুক্ত হেতুকে বলা হয় অসাধারণ সব্যভিচার হেত্বাভাস।

# সব্যভিচার হেত্বাভাস

অসাধারণ সব্যভিচার হেত্বাভাস: যেমন যে পদার্থের মধ্যে 'শব্দত্ব' আছে সেটা হল 'নিত্য পদার্থ'।

শব্দের মধ্যে 'শব্দত্ব' আছে।

অতএব শব্দ হল নিত্য পদার্থ । এখানে 'শব্দত্ব' হল হেতু আর 'শব্দ' হল পক্ষ । শব্দত্ব শুধুমাত্র শব্দে রয়েছে। শব্দত্ব শব্দ ছাড়া সপক্ষ – নিত্য বস্তুঃ কাল, দিক আত্ম্ পরামানু– এগুলোতে যেমন নেই তেমনি বিপক্ষ– অনিত্য বস্তু – ঘরবাড়ি, পট ইত্যাদিতেও নেই। শব্দত্বের সঙ্গে নিত্য–র কোন ব্যপ্তিসম্বন্ধ প্রতিষ্ঠা করা যায় না । তাই এক্ষেত্রে এই দোষযুক্ত হেতুকে অসাধারণ সব্যভিচার হেত্বাভাস বলা হয়। অসাধারণ সভ্য বিচার বলে ।

# সব্যভিচার হেত্বাভাস

## অনুপসংহারী সব্যভিচার হেত্বাভাস:

এই প্রকারের অনুমানের ক্ষেত্রে হেতু পদের কোন অন্বয় ও ব্যাতিরেকী দৃষ্টান্ত থাকেনা। এবং হেতুর ব্যাপকতা এতটাই বেশি থাকে যে কোন দৃষ্টান্তের মাধ্যমেও পক্ষে সাধ্যকে প্রতিষ্ঠা করা যায়না। যেমন যা জ্ঞেয় তাই অনিত্য।

সকল বস্তুই জ্ঞেয়।

অতএব সকল বস্তুই অনিত্য ।

# সব্যভিচার হেত্বাভাস

## অনুপসংহারী সব্যভিচার হেত্বাভাস:

এখানে পক্ষ হল 'সকল বস্তু' সাধ্য হল 'অনিত্য' এবং হেতু হল 'জ্ঞেয়'। হেতুপদ 'জ্ঞেয়' অর্থাৎ 'সকল বস্তুই যে জ্ঞেয়' -- এটির কোন অন্বয় ও ব্যাতিরেকী দৃষ্টান্ত পাওয়া যায় না। তাই হেতুটি দোষযুক্ত। একে অনুপসংহারী সব্যভিচার হেত্বাভাস বলা হয়।

# সব্যভিচার হেত্বাভাস

যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে:

1) সব্যভিচার হেত্বাভাস কাকে বলে?
2) সব্যভিচার হেত্বাভাস কয় প্রকার ও কি কি?
3) সাধারণ সব্যভিচার হেত্বাভাস
4) অসাধারণ সব্যভিচার হেত্বাভাস কাকে বলে?
5) অনুপসংহারী সব্যভিচার হেত্বাভাস কাকে বলে?

# THANK YOU